বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : বুধবার, ২৪ ফেব্রুয়ারি ২০১০

সময় : বিকাল ৩:৩০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার

উপস্থিতি:

জনাব কাজী আশরাফুল আলম	-	সহ-সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	-	যুগ্ম-মহাসচিব
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	কোষাধ্যক্ষ
জনাব ইউসুফ আলী শামীম	-	পরিচালক
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	পরিচালক

বিশেষ আমন্ত্রণে উপস্থিত:

জনাব আব্দুল্লাহ্ এইচ কাফী	-	ডেপুটি প্রেসিডেন্ট, অ্যাসোসিও এবং আহ্বায়ক, অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট ২০১০

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ১৫ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ প্রসঙ্গে
৪. অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট ২০১০ প্রসঙ্গে
৫. বিসিএস উপদেষ্টা পরিষদ এবং স্ট্যান্ডিং কমিটিসমূহ গঠন প্রসঙ্গে
৬. সমিতিতে সদস্যতা প্রসঙ্গে
৭. সমিতির সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দায়িত্ব ও কর্তব্য পুনর্বণ্টন প্রসঙ্গে
৮. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ১৫ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি বিগত ১৫ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ১৫ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তার নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:

সভাপতির কর্মকাণ্ড

১৬ - ২৪ ফেব্রুয়ারি ২০১০

১৬ই ফেব্রুয়ারি ২০১০ সভাপতি ইনপেস আয়োজিত চট্টগ্রামের কম্পিউটার মেলার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। ১৭ ফেব্রুয়ারি ২০১০ তিনি বিসিএস ডিজিটাল এক্সপো খুলনা ২০১০ এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন। ১৮ ফেব্রুয়ারি ২০১০ সভাপতি ডিজিটাল এক্সপো খুলনা ২০১০-এর অংশ হিসেবে ডিজিটাল খুলনা বিষয়ক আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ২১ ফেব্রুয়ারি ২০১০ সভাপতি বাংলাদেশ কম্পিউটার সমিতির পক্ষে সমিতির নেতৃবৃন্দসহ শহীদ মিনারে শ্রদ্ধার্ঘ্য অর্পন করেন। একই দিনে তিনি বিসিএস ডিজিটাল এক্সপো খুলনা ২০১০-এর সমাপনী অনুষ্ঠানে যোগদান করেন। উভয় অনুষ্ঠানেই সমিতির মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপনসহ সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ২৩ ফেব্রুয়ারি ২০১০ সভাপতি কপিরাইট বোর্ড বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সভায় যোগদান করেন। ২৪ ফেব্রুয়ারী ২০১০ দুপুরে সভাপতি ড্যাফোডিল বিশ্ববিদ্যালয় দিবসের অনুষ্ঠানে যোগদান করেন।

আলোচ্যসূচি-৩ : বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ প্রসঙ্গে

আলোচনা : বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর প্রদর্শনীতে অংশগ্রহণেচ্ছু প্রদর্শনকারীদের নিকট থেকে মোটামুটি সাড়া পাওয়া গেছে বলে জানান। তবে, তিনি বলেন এক্ষেত্রে ত্বরিত অগ্রগতির জন্য সর্বক্ষেত্রে পরিচালকদের সহায়তা প্রয়োজন। একাজে সহায়তা প্রদান করার জন্য সকল পরিচালক সায় প্রদান করেন। তিনি আরও অবহিত করেন, প্রদর্শনীর ওয়াইম্যাক্স পার্টনার হিসেবে বাংলা লায়ন এবং টিকেট কাউন্টার ও মটর ভেহিকল স্পন্সর হিসেবে ক্যাস্পারেস্কির সাথে ইতিমধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্লাটিনাম স্পন্সর, গোল্ড স্পন্সর এবং অন্যান্য সম্ভাব্য স্পন্সরদের সাথে সন্তোষজনক আলোচনা চলছে।

মেলা আয়োজন উপলক্ষ্যে ইতিপূর্বে গঠিত ৮টি উপ-কমিটি যথা- অভ্যর্থনা উপ-কমিটি, সেমিনার উপ-কমিটি, নিরাপত্তা উপ-কমিটি, মিডিয়া উপ-কমিটি, ডিজিটাল লাইফস্টাইল উপ-কমিটি, লজিস্টিক উপ-কমিটি, অর্থ উপ-কমিটি এবং ইভেন্ট ম্যানেজমেন্ট উপ-কমিটির স্ব স্ব চেয়ারম্যন পূর্ণাঙ্গ তালিকা সভায় উপস্থাপন করেন (সংযুক্তি-১)। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে এসব উপ-কমিটি গ্রহণীয় বলে মত পেশ করেন।

প্রদর্শনীর আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর প্রদর্শনীর স্থান ঢাকা শেরাটন হোটেলের সাথে সমিতির প্রাক্তন সভাপতি জনাব আব্দুল্লাহ্ এইচ কাফীর মাধ্যমে সমঝোতার ভিত্তিতে প্রদেয় চূড়ান্ত ভাড়ার তালিকা সভায় উপস্থাপন করেন। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা এটি গ্রহণীয় বলে মত প্রকাশ করেন।

মহাসচিব এবং প্রদর্শনীর মিডিয়া উপ-কমিটির চেয়ারম্যান জনাব মজিবুর রহমান স্বপন মেলা প্রাঙ্গনে ডিজিটাল জীবনধারা ভিত্তিক উপস্থাপনা এবং বিজ্ঞাপন আয়োজনের পরিকল্পনা বর্ণনা করেন। তিনি প্রদর্শনীর অধিক প্রচারের জন্য একটি জনপ্রিয় টেলিভিশন চ্যানেল ও একটি দৈনিক পত্রিকাকে মিডিয়া পার্টনার হিসেবে বেছে নেবার প্রস্তাব করেন। এ প্রস্তাবে পরিচালকবৃন্দ একমত পোষণ করেন।

প্রদর্শনীর আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর বিভিন্ন উপ-কমিটির চেয়ারম্যানদের নিকট তাদের স্ব স্ব কর্তৃব্য ও দায়িত্বের তালিকা হস্তান্তর করেন। প্রদত্ত তালিকা অনুযায়ী কর্মকাণ্ড পরিচালনার জন্য সভাপতি পরিচালকদের স্ব স্ব উপ-কমিটির সভা করার অনুরোধ জানালে এতে তারা সম্মতি জ্ঞাপন করেন।

সিদ্ধান্ত :

- বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর কর্মকাণ্ডের ত্বরিত অগ্রগতি সাধনের জন্য পরিচালকবৃন্দ সর্বোত সহায়তা প্রদান করতে সম্মত হন।
- বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ আয়োজন উপলক্ষ্যে ইতিপূর্বে গঠিত ৮টি উপকমিটি যথা- অভ্যর্থনা উপ-কমিটি, সেমিনার উপ-কমিটি, নিরাপত্তা উপ-কমিটি, মিডিয়া উপ-কমিটি, ডিজিটাল লাইফস্টাইল উপ-কমিটি, লজিস্টিক উপ-কমিটি, অর্থ উপ-কমিটি এবং ইভেন্ট ম্যানেজমেন্ট উপ-কমিটির পূর্ণাঙ্গ তালিকা (সংযুক্তি-১) অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ঢাকা শেরাটন হোটেলের সাথে সমঝোতার ভিত্তিতে প্রদেয় চূড়ান্ত ভাড়ার তালিকা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- প্রদর্শনীর অধিক প্রচারের জন্য একটি জনপ্রিয় টেলিভিশন চ্যানেল ও একটি দৈনিক পত্রিকাকে মিডিয়া পার্টনার হিসেবে বেছে নেবার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৪ : অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০ প্রসঙ্গে

আলোচনা : অ্যাসোসিও'র ডেপুটি প্রেসিডেন্ট এবং অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০-এর আহ্বায়ক জনাব আব্দুল্লাহ্ এইচ কাফী সভায় অবহিত করেন, ইতোমধ্যে তিনি থাইল্যান্ড ও মালয়েশিয়াসহ অ্যাসোসিও'র অন্যান্য সদস্যভুক্ত দেশগুলোর সংশ্লিষ্ট প্রতিনিধিদের সাথে আলাপ-আলোচনা করেছেন। এতে তাদের নিকট থেকে আসন্ন মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিটে অংশগ্রহণে খুব ভাল সাড়া পাওয়া গেছে। তিনি সভায় দেশের তথ্য প্রযুক্তি খাতে বিভিন্ন সময়ে

যুগান্তকারী সিদ্ধান্ত ও পদক্ষেপ গ্রহণ এবং নেতৃত্বদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'অ্যাসোসিও অ্যাওয়ার্ড'-এ ভূষিত করার মাধ্যমে সম্মাননা প্রদানের প্রস্তাব করেন। এ প্রস্তাবে সকলে সম্মতি জ্ঞাপন করেন। জনাব আব্দুল্লাহ্ এইচ কাফী সভায় অবহিত করেন, ইতোমধ্যে অ্যাসোসিও'র সভাপতিসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তার সাথে এ ব্যাপারে তার আলাপ হয়েছে। সে মোতাবেক অ্যাসোসিও'র ফরম্যাট অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর নাম প্রস্তাব করতে হবে। জনাব কাফী তথ্য প্রযুক্তির উন্নয়ন ও অগ্রগতি সাধনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনন্য সাধারণ অবদান ও নেতৃত্বদানের বিভিন্ন ঘটনাবলী সম্বলিত একটি প্রামাণ্য ভিডিও সিডি তৈরি করার প্রস্তাব করেন। এ প্রস্তাবে সকলে সম্মতি জ্ঞাপন করেন। জনাব কাফী সভায় প্রস্তাব করেন, অ্যাসোসিও'র সদস্যভুক্ত দেশগুলো থেকে আগত অংশগ্রহণকারীদের জন্য বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এ ন্যূনতম ৩০০ বর্গফুটের একটি সৌজন্যমূলক 'অ্যাসোসিও প্যাভিলিয়ন' বরাদ্দ রাখা উচিত। তিনি আরও প্রস্তাব করেন, সৌজন্যমূলক প্যাভিলিয়নের অতিরিক্ত অ্যাসোসিও সদস্যভুক্ত কোম্পানিগুলোর জন্য বাণিজ্যিক ভিত্তিতে ও স্টল বা প্যাভিলিয়ন ভাড়া করার সুযোগ রাখা উচিত। এসব প্রস্তাবে সকলে একমত পোষণ করেন। জনাব কাফী প্রস্তাব করেন, অ্যাসোসিওভুক্ত প্রতিটি সদস্য-সমিতির নিকট বিসিএস সভাপতির লিখিত আমন্ত্রণ পত্র পাঠানো উচিত। এতে সকলে একমত পোষণ করেন। তিনি জানান, অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিটে আগত প্রতিনিধিদেরকে তিনি নিজস্ব উদ্যোগে উপঢৌকন দেবার ব্যবস্থা করবেন - যা গ্রহণযোগ্য বলে উপস্থিত সকলে একমত পোষণ করেন। সভার সভাপতি বলেন, অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট-এর জন্য সম্ভাব্য স্পন্সরদের নিকট অনুরোধ জানিয়ে চিঠি পাঠানো হবে। তিনি অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট-এর আহ্বায়ক জনাব আব্দুল্লাহ্ এইচ কাফীকে উক্ত অনুষ্ঠানের বিষয়ে পূর্ণাঙ্গ একটি চিত্র প্রণয়নার্থে উক্ত আয়োজক কমিটির একটি সভা আয়োজনের অনুরোধ জানান। এতে জনাব কাফী আগামী ৮ মার্চ ২০১০ তারিখে উক্ত সভা আয়োজনে সম্মত হন।

সিদ্ধান্ত :

- দেশের তথ্য প্রযুক্তি খাতে বিভিন্ন সময়ে যুগান্তকারী সিদ্ধান্ত ও পদক্ষেপ গ্রহণ এবং নেতৃত্বদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'অ্যাসোসিও অ্যাওয়ার্ড'-এ ভূষিত করার মাধ্যমে সম্মাননা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
- তথ্য প্রযুক্তির উন্নয়ন ও অগ্রগতি সাধনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনন্য সাধারণ অবদান ও নেতৃত্বদানের বিভিন্ন ঘটনাবলী সম্বলিত একটি প্রামাণ্য ভিডিও সিডি তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- অ্যাসোসিও'র সদস্যভুক্ত দেশগুলো থেকে আগত অংশগ্রহণকারীদের জন্য বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এ ন্যূনতম ৩০০ বর্গফুটের একটি সৌজন্যমূলক 'অ্যাসোসিও প্যাভিলিয়ন' বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
- সৌজন্যমূলক প্যাভিলিয়নের অতিরিক্ত অ্যাসোসিও সদস্যভুক্ত কোম্পানিগুলোর জন্য বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এ বাণিজ্যিক ভিত্তিতে ও স্টল বা প্যাভিলিয়ন ভাড়া করার সুযোগ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
- অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট এবং বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এ অংশগ্রহণের জন্য অ্যাসোসিওভুক্ত প্রতিটি সদস্য-সমিতির নিকট বিসিএস সভাপতি লিখিত আমন্ত্রণপত্র পাঠাবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট-এর জন্য সম্ভাব্য স্পন্সরদের নিকট অনুরোধ জানিয়ে চিঠি পাঠানো হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

- অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট আয়োজক কমিটির সভা আগামী ৮ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৫ : বিসিএস উপদেষ্টা পরিষদ এবং স্ট্যান্ডিং কমিটিসমূহ গঠন প্রসঙ্গে

আলোচনা : ২০১০ -১১ মেয়াদকালের জন্য সমিতির উপদেষ্টা পরিষদ এবং বিভিন্ন স্ট্যান্ডিং কমিটি গঠনের বিষয়ে পরিচালকদের মতামত জানতে চান। এতে আলাপ-আলোচনার ভিত্তিতে সংযুক্ত তালিকা (সংযুক্তি-২) অনুযায়ী উপদেষ্টা পরিষদ গঠন এবং সংযুক্ত তালিকা (সংযুক্তি-৩) অনুযায়ী বিভিন্ন স্ট্যান্ডিং কমিটি'র চেয়ারম্যান ও সদস্য সচিব মনোনয়নে সকলে একমত পোষণ করেন। চেয়ারম্যান ও সদস্য সচিব সংশ্লিষ্ট অন্যান্যদের সাথে আলাপ-আলোচনার ভিত্তিতে স্ব স্ব পূর্ণাঙ্গ স্ট্যান্ডিং কমিটি গঠন করে তা কার্যনির্বাহী কমিটির নিকট যথাশীঘ্র জমা দিবেন বলে সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত :

- সংযুক্ত তালিকা (সংযুক্তি-২) অনুযায়ী উপদেষ্টা পরিষদ গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- সংযুক্ত তালিকা (সংযুক্তি-৩) অনুযায়ী সমিতির বিভিন্ন স্ট্যান্ডিং কমিটি'র চেয়ারম্যান ও সদস্য সচিব মনোনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
- মনোনীত স্ট্যান্ডিং কমিটি'র চেয়ারম্যান ও সদস্য সচিব সংশ্লিষ্ট অন্যান্যদের সাথে আলাপ-আলোচনার ভিত্তিতে স্ব স্ব পূর্ণাঙ্গ স্ট্যান্ডিং কমিটি গঠন করে তা কার্যনির্বাহী কমিটির নিকট যথাশীঘ্র জমা দিবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৬ : সমিতিতে সদস্যতা প্রসঙ্গে

আলোচনা : সভাপতি সভায় অবহিত করেন, বিগত ১২ জানুয়ারি ২০১০ তারিখে সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনের মাধ্যমে বাণিজ্য সংগঠন বিধিমালায় এই মর্মে সংশোধনী আনা হয়েছে যে, বাণিজ্য সংগঠনের সদস্য হবার জন্য আবেদনকারীকে এসোসিয়েশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট খাতের ট্রেড লাইসেন্সধারী হতে হবে এবং আবেদনকারীকে টি.আই.এন. নম্বরসহ হালনাগাদ আয়কর বিবরণীর কপি দাখিল করতে হবে এবং পরবর্তীতে প্রতিবছর সংশ্লিষ্ট সংগঠন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উক্ত ট্রেড লাইসেন্স ও আয়কর বিবরণীর হালনাগাদ অনুলিপিসমূহ দাখিল করতে হবে, অন্যথায় সদস্যপদ বাতিল হয়ে যাবে। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের দৃষ্টি আকর্ষণ করলে, বাংলাদেশ কম্পিউটার সমিতি সরকারের বাণিজ্য সংগঠন বিধিমালা অনুযায়ী পরিচালিত হয় বিধায় বাণিজ্য সংগঠন বিধিমালায় সংযোজিত ধারা অনুসরণ বাধ্যতামূলক বলে এটি অনতিবিলম্বে বলবত এবং আজ থেকে তা অনুসরণ করে সমিতিতে নতুন সদস্যপদ অনুমোদনের মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত :

- বাণিজ্য সংগঠনের সদস্য হবার জন্য আবেদনকারীকে এসোসিয়েশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট খাতের ট্রেড লাইসেন্সধারী হতে হবে এবং আবেদনকারীকে টি.আই.এন. নম্বরসহ হালনাগাদ আয়কর বিবরণীর কপি দাখিল করতে হবে এবং পরবর্তীতে প্রতিবছর সংশ্লিষ্ট সংগঠন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উক্ত ট্রেড লাইসেন্স ও আয়কর বিবরণীর হালনাগাদ অনুলিপিসমূহ দাখিল করতে হবে, অন্যথায় সদস্যপদ বাতিল হয়ে যাবে বলে বিগত ১২ জানুয়ারি ২০১০ তারিখে সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের কর্তৃক প্রজ্ঞাপনের মাধ্যমে বাণিজ্য সংগঠন বিধিমালায় যে সংশোধনী আনা হয়েছে তা বাংলাদেশ কম্পিউটার সমিতিতে অনতিবিলম্বে বলবত এবং আজ (২৪/০২/২০১০) থেকে তা অনুসরণ করে

সমিতিতে নতুন সদস্যপদ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৭ : সমিতির সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দায়িত্ব ও কর্তব্য পুনর্বণ্টন প্রসঙ্গে

আলোচনা : সমিতির সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দায়িত্ব ও কর্তব্য পুনর্বণ্টন প্রসঙ্গে সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, বিষয়টি মহাসচিবের দায়িত্ব ও কর্তব্যের অন্তর্ভুক্ত বিধায় এ বিষয়ে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এতে সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : সমিতির সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দায়িত্ব ও কর্তব্য পুনর্বণ্টনের বিষয়ে সমিতির মহাসচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৮ : বিবিধ

আলোচনা :

- অ্যাসোসিও ডেপুটি প্রেসিডেন্ট জনাব আব্দুল্লাহ্ এইচ কাফী সভায় অবহিত করেন Internet Corporation for Assigned Names and Numbers (ICANN)-এর নিকট বাংলাদেশ সরকার 'ডট বাংলা'র জন্য অর্থাৎ বাংলা ভাষায় ডোমেইন নেম লেখার ব্যবস্থা করার অনুমোদন চেয়ে আবেদন করেছে। এ আবেদন খুব শীঘ্রই অনুমোদিত হবে বলে আশা করা যাচ্ছে। বিষয়টি আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের জন্য বিসিএস উদ্যোগ গ্রহণ করতে পারে বলে তিনি প্রস্তাব করেন। এ প্রস্তাবে সকলে একমত পোষণ করেন।
- বিগত ১৭ - ২১ ফেব্রুয়ারি ২০১০ সময়কালে খুলনায় অনুষ্ঠিত 'বিসিএস ডিজিটাল এক্সপো খুলনা ২০১০'-এর কেন্দ্রীয় সমন্বয়কারী এবং বিসিএস সহ-সভাপতি কাজী আশরাফুল আলম সভায় অবহিত করেন, সার্বিক বিচারে উক্ত প্রদর্শনী এ যাবতকালের মধ্যে খুলনায় আয়োজিত প্রদর্শনীগুলোর মধ্যে সবচেয়ে সফল অনুষ্ঠান বলে প্রতিভাত হয়েছে। এতে পরিচালকবৃন্দ সন্তোষ প্রকাশ করেন এবং উক্ত প্রদর্শনী আয়োজনে সমন্বয়কারী হিসেবে সফল দায়িত্ব পালন করার জন্য সহ-সভাপতি কাজী আশরাফুল আলমকে ধন্যবাদ জ্ঞাপনের অভিমত ব্যক্ত করেন।
- বরিশাল মহানগরীতে কম্পিউটার মেলা আয়োজনে বিসিএস-এর সহায়তা চেয়ে বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক সমিতির সভাপতি বরাবর লিখিত একটি পত্র সভায় উপস্থাপন করা হয়। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে তারা এ অভিমত ব্যক্ত করেন যে, উক্ত মহানগরীতে মেলা আয়োজন করতে হলে বরিশালস্থ সমিতির সদস্যদের সম্পৃক্ততা আবশ্যকীয়। তাই তাদেরকে সম্পৃক্ত করে বরিশালে কম্পিউটার মেলা আয়োজন করা হবে এই মর্মে উক্ত সিটি কর্পোরেশনের মেয়রের নিকট থেকে একটি সমন্বিত প্রস্তাবনা প্রেরণ করা যুক্তিযুক্ত বলে উক্ত মেয়রকে একটি পত্র প্রেরণ করা উচিত।
- ঢাকা শহরের বিভিন্ন এলাকাভিত্তিক বাজার ও বিপণন কেন্দ্রের জন্য সরকার ঘোষিত নতুন সাপ্তাহিক ছুটির বিষয়ে পুনর্বিবেচনা করার জন্য এলিফ্যান্ট রোড কম্পিউটার সমিতি কর্তৃক বিসিএস সভাপতি বরাবর লিখিত একটি আবেদনপত্র সভায় উত্থাপন করা হয়। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে সভায় এ অভিমত ব্যক্ত করা হয় যে, সাপ্তাহিক এই ছুটির ব্যাপারে সরকারের অবস্থান অত্যন্ত কঠোর বিধায় এ বিষয়ে বিসিএস-এর কোন কিছু করণীয় নেই। তবে এলিফ্যান্ট রোড এলাকার জন্য আরোপিত সাপ্তাহিক ছুটির দিন (মঙ্গলবার পূর্ণ দিবস ও বুধবার অর্ধ দিবস) দ্রব্য সামগ্রী বেচাকেনার দোকান ভিন্ন কর্পোরেট অফিস খোলা রাখার বিষয়ে সরকারের তরফ থেকে কোন বাধা

নেই জানিয়ে এলিফ্যান্ট রোড কম্পিউটার সমিতিকে চিঠি প্রদান করা যেতে পারে। মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় প্রস্তাব করেন যে, আগারগাঁওস্থ আইডিবি ভবন, এলিফ্যান্ট রোড এবং অন্যান্য সংশ্লিষ্ট এলাকায় অবস্থিত সরকারের নিয়ম অনুযায়ী বিপণন কেন্দ্র শনিবার খোলা রাখা বাধ্যতামূলক। তাই তিনি সপ্তাহের ঐ দিন (শনিবার) এসব এলাকায় অবস্থিত বাণিজ্যিক ব্যাংক খোলা রাখার ব্যবস্থা করার জন্য বাংলাদেশ ব্যাংককে অনুরোধ জানানোর প্রস্তাব রাখেন। এ প্রস্তাবে সবাই সায় প্রদান করেন।

- সভায় আই-ইনফো মিডিয়া কর্তৃক ওয়েব বেজড এসএমএস সংক্রান্ত বিসিএস-এর সাথে তাদের একটি খসড়া চুক্তি সভায় উপস্থাপন করা হয়। সভাপতি বিষয়টি ক্রয় সংক্রান্ত উপ-কমিটি যাচাই-বাছাই করত কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপন করবে বলে অভিমত ব্যক্ত করেন। এতে সবাই সায় প্রদান করেন।
- পাওনা পরিশোধ না করার জন্য ডেস্কটপ কম্পিউটার কানেকশন লি: এর বিরুদ্ধে এটলাস লজিস্টিকস বাংলাদেশ (প্রা:) লি: এর একটি চিঠি সভায় উপস্থাপন করা হয়। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে সভায় এ অভিমত ব্যক্ত করা হয় যে, উত্থাপিত অভিযোগ একটি দ্বিপাক্ষিক বিষয়। এ ব্যাপারে সমিতির কিছুই করার নেই এবং অভিযোগকারী সমঝোতার ভিত্তিতে অভিযুক্ত কোম্পানির সাথে মীমাংসা অথবা তাদের পছন্দ মাফিক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারেন - এই মর্মে অভিযোগকারীকে একটি চিঠি দেয়া যেতে পারে।
- সমিতির কর্মকর্তা-কর্মচারীদের ঋণ গ্রহণের একটি খসড়া নীতিমালা সভায় উপস্থাপন করা হয়। বিষয়টি সমিতির ফাইন্যান্স স্ট্যান্ডিং কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক কার্যনির্বাহী কমিটির নিকট সুপারিশ প্রেরণ করা যুক্তিযুক্ত বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। এ ব্যাপারে সকলে একমত পোষণ করেন।
- বিগত ১৭ ফেব্রুয়ারি ২০১০ তারিখে সমিতির প্রোগ্রাম অফিসার এ, কে, এম জোহায়ের ইবনে কলিম কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্র সভায় উপস্থাপন করা হয়। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে উক্ত পদত্যাগপত্র গৃহীত এবং তা বিগত ১৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখ থেকে কার্যকর করা যেতে পারে বলে অভিমত ব্যক্ত করা হয়।
- আজ ২৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে সমিতির চীফ্ অপারেটিং অফিসার বীরেন্দ্র নাথ অধিকারী কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্র সভায় উপস্থাপন করা হয়। এ ব্যাপারে সমিতির মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন চীফ্ অপারেটিং অফিসারের সাথে আলাপ-আলোচনা করত কার্যনির্বাহী কমিটির পরবর্তী সভায় মতামত পেশ করবেন বলে সভাপতি অভিমত ব্যক্ত করলে এতে পরিচালকবৃন্দ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত :

- Internet Corporation for Assigned Names and Numbers (ICANN)-এর নিকট বাংলাদেশ সরকার ‘ডট বাংলা’র জন্য অর্থাৎ বাংলা ভাষায় ডোমেইন নেম লেখার ব্যবস্থা করার অনুমোদন চেয়ে যে আবেদন করেছে তা অনুমোদিত হবার পর বিষয়টি আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের জন্য বিসিএস উদ্যোগ গ্রহণ করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিগত ১৭ - ২১ ফেব্রুয়ারি ২০১০ সময়কালে খুলনায় ‘বিসিএস ডিজিটাল এক্সপো খুলনা ২০১০’ আয়োজনে সফলভাবে সমন্বয়কারীর দায়িত্ব পালন করার জন্য সহ-সভাপতি জনাব কাজী আশরাফুল আলমকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।
- বরিশাল মহানগরীতে কম্পিউটার মেলা আয়োজন করতে হলে বরিশালস্থ সমিতির

সদস্যদের সম্পৃক্ততা আবশ্যকীয় বিধায় তাদেরকে সম্পৃক্ত করে উক্ত সিটি কর্পোরেশনের মেয়র নিকট থেকে একটি সমন্বিত প্রস্তাবনা চেয়ে উক্ত মেয়রকে একটি পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

- এলিফ্যান্ট রোড এলাকার জন্য সরকার আরোপিত সাপ্তাহিক ছুটির দিন (মঙ্গলবার পূর্ণ দিবস ও বুধবার অর্ধ দিবস) দ্রব্য সামগ্রী বেচাকেনার দোকান ভিন্ন কর্পোরেট অফিস খোলা রাখার বিষয়ে সরকারের তরফ থেকে কোন বাধা নেই জানিয়ে এলিফ্যান্ট রোড কম্পিউটার সমিতিকে চিঠি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- আগারগাঁওস্থ আইডিবি ভবন, এলিফ্যান্ট রোড এবং অন্যান্য সংশ্লিষ্ট এলাকায় অবস্থিত সরকারের নিয়ম অনুযায়ী বিপণন কেন্দ্র শনিবার খোলা রাখা বাধ্যতামূলক বিধায় ঐ দিন (শনিবার) এসব এলাকায় অবস্থিত বাণিজ্যিক ব্যাংক খোলা রাখার ব্যবস্থা করার জন্য বাংলাদেশ ব্যাংককে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
- আই-ইনফো মিডিয়া কর্তৃক ওয়েব বেজড এসএমএস সংক্রান্ত বিসিএস-এর সাথে উক্ত কোম্পানির খসড়া চুক্তির বিষয়টি ক্রয় সংক্রান্ত উপ-কমিটি যাচাই-বাছাই করত কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপন করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- এটলাস লজিস্টিকস বাংলাদেশ (প্রা:) লি: কর্তৃক সমিতির সদস্য ডেস্কটপ কম্পিউটার কানেকশন লি: এর বিরুদ্ধে লিখিত অভিযোগের বিষয়ে অভিযোগকারী সমঝোতার ভিত্তিতে অভিযুক্ত কোম্পানির সাথে মীমাংসা অথবা তাদের পছন্দ মাফিক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারেন - এই মর্মে অভিযোগকারীকে একটি চিঠি দেবার সিদ্ধান্ত গৃহীত হয়।
- সমিতির কর্মকর্তা-কর্মচারীদের ঋণ গ্রহণের খসড়া নীতিমালা সমিতির ফাইন্যান্স স্ট্যান্ডিং কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক তা কার্যনির্বাহী কমিটির নিকট সুপারিশ করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিগত ১৭ ফেব্রুয়ারি ২০১০ তারিখে সমিতির প্রোগ্রাম অফিসার এ, কে, এম জোহায়ের ইবনে কলিম কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্র গৃহীত এবং তা বিগত ১৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখ থেকে কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- আজ ২৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে সমিতির চীফ্ অপারেটিং অফিসার বীরেন্দ্র নাথ অধিকারী কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্রের ব্যাপারে সমিতির মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন পদত্যাগকারীর সাথে আলাপ-আলোচনা করত কার্যনির্বাহী কমিটির পরবর্তী সভায় মতামত পেশ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি

সংযুক্তি:

১. ‘বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০’-এর উপ-কমিটিসমূহ
২. ২০১০-২০১১ মেয়াদকালের উপদেষ্টা পরিষদ
৩. ২০১০ - ২০১১ মেয়াদকালের স্ট্যান্ডিং কমিটিসমূহের চেয়ারম্যান এবং সদস্য সচিবদের তালিকা

সংযুক্তি - ১ : 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০'-এর উপ-কমিটিসমূহ

Reception Sub-Committee of BCS Digital Expo 2010

SL #	Name	Position	Company Name
01	MR. MUSTAFA JABBAR	CHAIRMAN	PRESIDENT, BCS
02	MR. MOHAMMED AJEEZUR RAHMAN	MEMBER SECRETARY	MANAGING DIRECTOR, INDEX IT LIMITED
03	MR. S. M. KAMAL	MEMBER	FORMER PRESIDENT, BCS
04	MR. SAJJAD HOSSAIN	MEMBER	FORMER PRESIDENT, BCS
05	MR. M. N. ISLAM	MEMBER	CHAIRMAN, FLORA DISTRIBUTIONS LTD.
06	MR. SHAIKH ABDUL AZIZ	MEMBER	MANAGING DIRECTOR, LEADS CORPORATION LIMITED
07	MR. AFTAB UL ISLAM	MEMBER	FORMER PRESIDENT, BCS & CEO, INTERNATIONAL OFFICE EQUIPMENT (IOE),
08	MR. ABDULLAH H. KAFI	MEMBER	FORMER PRESIDENT, BCS & MANAGING PARTNER, J.A.N. ASSOCIATES
09	MR. MD. SABUR KHAN	MEMBER	FORMER PRESIDENT, BCS & CHAIRMAN, DAFFODIL COMPUTERS LTD.
10	MR. S.M. IQBAL	MEMBER	FORMER PRESIDENT, BCS & MANAGING DIRECTOR, TECHVISION SYSTEMS & SOLUTIONS LTD.
11	MR. MD. FAIZULLAH KHAN	MEMBER	FORMER PRESIDENT, BCS & PROPRIETOR, BUSINESSLAND
12	MR. FEROZ MAHMUD	MEMBER	COUNTRY MANAGER, MICROSOFT BANGLADESH LTD.
13	MR. MD. AKHTERUZZAMAN MANJU	MEMBER	PRESIDENT, ISPAB
14	MR. MD. BILLAL HOSSAIN	MEMBER	PRESIDENT, ELEPHANT ROAD COMPUTER SAMITY
15	MR. SHAFQUAT HAIDER	MEMBER	MANAGING DIRECTOR, CIPROCO COMPUTERS LTD.
16	MR. AHMED HASAN	MEMBER	CEO, RYANS IT LIMITED
17	MR. ALI ASHFAK	MEMBER	MANAGING DIRECTOR, RM SYSTEMS LTD.
18	MR. A. H. M. MAHFUZUL ARIF	MEMBER	MANAGING DIRECTOR, COMPUTER SOURCE LTD.
19	MR. A.S.M.ABDUL FATTAH	MEMBER	MANAGING DIRECTOR, GLOBAL BRAND PVT. LTD.
20	MR. S. KABIR AHMED	MEMBER	MANAGING DIRECTOR, IBCS-PRIMAX SOFTWARE (BD) LIMITED.
21	MR. ZILLUR RAHIM	MEMBER	PROPRIETOR, COMPUTER TODAY
22	MR. DIDAR A. HUSSAIN	MEMBER	MANAGING DIRECTOR, GRAPHICS INFORMATION SYSTEM LIMITED
23	MR. MUHAMMAD MUSHTAQ	MEMBER	MANAGING DIRECTOR, KHAN JAHAN ALI COMPUTERS LIMITED
24	MR. PARVEZ AHMED	MEMBER	MANAGING DIRECTOR, COMPTECH NETWORK SYSTEM (PVT) LTD.
25	MR. MD. TAFAZZAL HOSSAIN	MEMBER	MANAGING DIRECTOR, COM VALLEY LTD.
26	MR. AZIM UDDIN AHMED	MEMBER	MANAGING DIRECTOR, RISHIT COMPUTERS LTD.
27	MR. MD. ROKNOOR RAHMAN	MEMBER	PROPRIETOR, RAMS TECHNOLOGY
28	MR. ABUL KALAM AZAD	MEMBER	CEO, TRACER ELECTROCOM
29	MR. REZAUR RAHMAN	MEMBER	MANAGING DIRECTOR, SUN COMPUTER LTD.
30	MR. M. SHOEB CHOWDHURY	MEMBER	MANAGING DIRECTOR, AIM IN LIFE DOT COM
31	MR. SWADESH RANJAN SAHA	MEMBER	MANAGING DIRECTOR, SATCOM COMPUTERS LIMITED
32	MR. SHAIKH ABU REZA	MEMBER	MANAGING DIRECTOR, ATI LIMITED
33	MR. MAHBOOB ZAMAN	MEMBER	MANAGING DIRECTOR DATASOFT SYSTEMS BANGLADESH LIMITED
34	MR. MD. NURUL ISLAM	MEMBER	CHAIRMAN, BCS BRANCH COMMITTEE, KHULNA
35	MR. ANAMUL QUDDUS CHOWDHURY	MEMBER	CHAIRMAN, BCS BRANCH COMMITTEE, SYLHET
36	MR. A. S. M. ABDUN NOOR TUSHAR	MEMBER	MANAGING DIRECTOR, GATI MEDIA LTD.

বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

সংযুক্তি - ১ (চলমান)

Seminar Sub-committee of BCS Digital Expo 2010

SL #	Name	Position	Company Name
01	MR. MUSTAFA JABBAR	CHAIRMAN	PRESIDENT, BCS
02	MR. T.I.M. NURUL KABIR	MEMBER SECRETARY	CEO, SPINNOVATION LTD.
03	MR. GAZI AMINUL HOQUE	MEMBER	MANAGING DIRECTOR, IT VILLAGE LTD.
04	MR. RASHIDUL HASAN SHUHEL	MEMBER	

Security Sub-committee of BCS Digital Expo 2010

SL #	Name	Position	Company Name
01	MR. KAZI ASHRAFUL ALAM	CHAIRMAN	VICE PRESIDENT, BCS
02	MR. MD. NOOR ULLAH (MONA)	MEMBER SECRETARY	MANAGING PARTNER, PC CLUB
03	MR. KAZI MOHI UDDIN (SHIBLU)	MEMBER	PROPRIETOR, TILOTTOMA COMPUTER & COMMUNICATIONS
04	MR. MOZHER IMAM CHOWDHURY (PINU)	MEMBER	PROPRIETOR, PERENNIAL INTERNATIONAL
05	MR. ANOWARUL AZIM	MEMBER	PARTNER, INTIMACY COMPUTER & SOLUTIONS
06	MR. MATIUR RAHMAN BAKUL	MEMBER	CEO, RELIANCE TECHNOLOGIES
07	MR. A. S. M. MUKTADIR	MEMBER	DIRECTOR, NETSTAR PRIVATE LTD.
08	MR. FAZLUR BARI LITON	MEMBER	PROPRIETOR, INNOVATION ELECTRONICS & COMPUTERS
09	MR. MOHAMMAD ASHRAFUL ISLAM	MEMBER	PROPRIETOR, RAIMS INTERNATIONAL
10	MR. MD. MONJURUL HASAN	MEMBER	PROPRIETOR, TECHNO PLANET SYSTEMS

Media Sub-committee of BCS Digital Expo 2010

SL #	Name	Position	Company Name
01	MR. MAZIBUR RAHMAN SAWPON	CHAIRMAN	SECRETARY GENERAL, BCS
02	MR. MUSA KAMAL MIHIR	MEMBER SECRETARY	CEO, MASSIVE COMPUTERS
03	MR. FARUQUE AHMED BHUIYA	MEMBER	PROPRIETOR, MONARCH VISION
04	MR. KINNAR DAS	MEMBER	PROPRIETOR, SYSTEM PALACE

Digital Lifestyle Sub-committee of BCS Digital Expo 2010

SL #	Name	Position	Company Name
01	MR. MAZIBUR RAHMAN SAWPON	CHAIRMAN	SECRETARY GENERAL, BCS
02	MR. B.M. INAM LENIN	MEMBER SECRETARY	EXECUTIVE DIRECTOR, HSTC LTD
03	MR. TARIK SUJAT	MEMBER	CHIEF EXECUTIVE OFFICER, COLORS OF BANGLADESH
04	MR. ABDUL MOMIN KHAN	MEMBER	CEO, DATA SOLUTIONS

বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

সংযুক্তি - ১ (চলমান)

Logistic Sub-committee of BCS Digital Expo 2010

SL #	Name	Position	Company Name
01	MR. NAZMUL ALAM BUIYAN (JEWEL)	CHAIRMAN	JOINT SECRETARY GENERAL, BCS
02	MR. M.S. WALI-ULLAH	MEMBER SECRETARY	CEO, BARI COMPUTER SYSTEMS
03	MR. MOHAMMAD MUSTAFIZUR RAHMAN	MEMBER	PROPRIETOR, TECH HILL
04	MR. MD. ABDUL ALIM TALUKDER	MEMBER	CEO, DISCOVER IT

Finance Sub-committee of BCS Digital Expo 2010

SL #	Name	Position	Company Name
01	MR. MD. AKTERUZZAMAN	CHAIRMAN	TREASURER, BCS
02	MR. KAMRUL ISLAM	MEMBER SECRETARY	MANAGING DIRECTOR, MASHNOONS LIMITED
03	MR. MD. NAZMUL HOQUE	MEMBER	PROPRIETOR, HOQ TRADE INTERNATIONAL
04	MR. MIRZA GOLAM RAHMAN	MEMBER	CEO, FORESIGHT COMPUTERS & NETWORKS
05	MR. RASHED KAMAL	MEMBER	CEO, DATABIZ INC.
06	MR. MOSHARAF HOSSAIN SUMON	MEMBER	CHAIRMAN, SPEED TECHNOLOGY & ENGINEERING LTD.

Event Management Sub-committee of BCS Digital Expo 2010

SL #	Name	Position	Company Name
01	MR. YOUSUF ALI SHAMIM	CHAIRMAN	DIRECTOR, BCS
02	MR. NAZRUL ISLAM MILON	MEMBER SECRETARY	CHAIRMAN, PC MART LTD.
03	ENGR. SUBRATA SARKAR	MEMBER	PROPRIETOR, C & C TRADE INTERNATIONAL
04	MR. MD. MAZHARUL IMAM	MEMBER	MANAGING DIRECTOR, ELECTROSONIC LTD.
05	MR. MANOWAR HOSSAIN TALUKDER	MEMBER	PROPRIETOR, MEMORY WORLD
06	MR. MD. AHADULLAH KHAN (RUBEL)	MEMBER	PARTNER, THE DREAMLAND COMPUTER
07	MR. MD. AHSANUL ISLAM	MEMBER	PROPRIETOR, PC GARDEN
08	MR. S.M. WAHIDUZZAMAN	MEMBER	PROPRIETOR, MICRO SUN SYSTEMS

সংযুক্তি - ২

২০১০-২০১১ মেয়াদকালের উপদেষ্টা পরিষদ

নাম, পদবি ও প্রতিষ্ঠান	উপদেষ্টা পরিষদে পদবি
জনাব মোঃ আক্তারুজ্জামান মঞ্জু সভাপতি, আইএসপি এসোসিয়েশন অব বাংলাদেশ এবং অপারেটিভ ডাইরেক্টর, আফতাব আইটি লিমিটেড	সদস্য
জনাব আব্দুল্লাহ্ এইচ কাফী প্রাক্তন সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং ম্যানেজিং পার্টনার, জে.এ.এন এসোসিয়েটস	সদস্য
জনাব এস, এম, ইকবাল প্রাক্তন সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং ব্যবস্থাপনা পরিচালক, টেকভিশন সিস্টেমস এন্ড সলিউশন্স লিঃ	সদস্য
জনাব মোঃ ফয়েজউল্যাহ্ খান প্রাক্তন সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং স্বত্বাধিকারী, বিজনেসল্যান্ড	সদস্য
জনাব স্বদেশ রঞ্জন সাহা ব্যবস্থাপনা পরিচালক, সেটকম কম্পিউটারস লিঃ	সদস্য
জনাব মোস্তাফা জব্বার সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং সিইও, আনন্দ কম্পিউটার্স	সদস্য
জনাব মজিবুর রহমান স্বপন মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং স্বত্ত্বাধিকারী, হাইটেক প্রফেশনালস	সদস্য

সংযুক্তি - ৩

২০১০ - ২০১১ মেয়াদকালের স্ট্যান্ডিং কমিটিসমূহের চেয়ারম্যান এবং সদস্য সচিবদের তালিকা

ক্রমিক নং	স্ট্যান্ডিং কমিটির নাম	ব্যক্তির নাম	পদবিসহ প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটিতে পদবি
১	লিগ্যাল অ্যাফেয়ার্স, পলিসি অ্যান্ড আইপিআর স্ট্যান্ডিং কমিটি	জনাব মোস্তাফা জব্বার	সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং সিইও, আনন্দ কম্পিউটার্স	চেয়ারম্যান
		জনাব নাজমুল আলম ভূইয়া (জুয়েল)	যুগ্ম-মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং সিইও, সাইবার কমিউনিকেশনস	সদস্য সচিব
২	শিক্ষা, গবেষণা ও মানবসম্পদ উন্নয়ন স্ট্যান্ডিং কমিটি	জনাব মোস্তাফা জব্বার	সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং সিইও, আনন্দ কম্পিউটার্স	চেয়ারম্যান
		জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	পরিচালক, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং চেয়ারম্যান, ইপসিলন সিস্টেমস এন্ড সলিউশন লি:	সদস্য সচিব
৩	ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স স্ট্যান্ডিং কমিটি	জনাব আব্দুল্লাহ এইচ কাফী	প্রাক্তন সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং ম্যানেজিং পার্টনার, জে.এ.এন এসোসিয়েটস	চেয়ারম্যান
		জনাব কাজী আশরাফুল আলম	সহ-সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং সিইও, মাহিন ট্রেড ইন্টারন্যাশনাল	সদস্য সচিব
৪	ট্যাক্স, ভ্যাট অ্যান্ড কাস্টমস অ্যাফেয়ার্স স্ট্যান্ডিং কমিটি	জনাব মোঃ ফয়েজউল্যাহ খান	প্রাক্তন সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং স্বত্বাধিকারী, বিজনেস ল্যান্ড	চেয়ারম্যান
		জনাব ইউসুফ আলী শামীম	পরিচালক, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং স্বত্ত্বাধিকারী, কম্পিউটার পয়েন্ট	সদস্য সচিব
৫	সফটওয়্যার অ্যান্ড আইটি এনাবেলড সার্ভিসেস স্ট্যান্ডিং কমিটি	জনাব আহমেদ হাসান	প্রাক্তন সহ-সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং সিইও, রায়ান্স আইটি লি:	চেয়ারম্যান
		জনাব মজিবুর রহমান স্বপন	মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং স্বত্ত্বাধিকারী, হাইটেক প্রফেশনালস	সদস্য সচিব
৬	ইভেন্ট ম্যানেজমেন্ট স্ট্যান্ডিং কমিটি	জনাব এ.টি. শফিক উদ্দিন আহম্মদ	প্রাক্তন সহ-সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং ব্যবস্থপনা পরিচালক, ইন্টারন্যাশনাল কম্পিউটার ভিশন লি: (আইসিভি)	চেয়ারম্যান
		জনাব কাজী আশরাফুল আলম	সহ-সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং সিইও, মাহিন ট্রেড ইন্টারন্যাশনাল	সদস্য সচিব
৭	অ্যাসেট ডেভলপমেন্ট অ্যান্ড প্রোজেক্ট ডেভলপমেন্ট স্ট্যান্ডিং কমিটি	জনাব মোঃ আজিজুর রহমান	প্রাক্তন মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি ব্যবস্থাপনা পরিচালক, ইনডেক্স আইটি লি:	চেয়ারম্যান
		জনাব নাজমুল আলম ভূইয়া (জুয়েল)	যুগ্ম-মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং সিইও, সাইবার কমিউনিকেশনস	সদস্য সচিব

৮	সোস্যাল অ্যান্ড এন্টারটেইনমেন্ট স্ট্যান্ডিং কমিটি	জনাব আলী আশফাক	প্রাক্তন মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং ব্যবস্থাপনা পরিচালক, আর এম সিস্টেমস লি:	চেয়ারম্যান
		জনাব ইউসুফ আলী শামীম	পরিচালক, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং স্বত্ত্বাধিকারী, কম্পিউটার পয়েন্ট	সদস্য সচিব
৯	বিজনেস প্রমোশন স্ট্যান্ডিং কমিটি	জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম	প্রাক্তন মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং ব্যবস্থাপনা পরিচালক, স্মার্ট টেকনোলজিস (বিডি) লি:	চেয়ারম্যান
		জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	পরিচালক, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং চেয়ারম্যান, ইপসিলন সিস্টেমস এন্ড সলিউশন লি:	সদস্য সচিব
১০	পাবলিকেশন অ্যান্ড সার্কুলেশন স্ট্যান্ডিং কমিটি	জনাব মজিবুর রহমান স্বপন	মহাসচিব, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং স্বত্ত্বাধিকারী, হাইটেক প্রফেশনালস	চেয়ারম্যান
		জনাব শেখ মুসা কামাল মিহির	সিইও, ম্যাসিভ কম্পিউটার্স	সদস্য সচিব
১১	আরবিট্রেশন অ্যান্ড স্ট্যান্ডার্ড স্ট্যান্ডিং কমিটি	জনাব এ এস এম আব্দুল ফাত্তাহ	প্রাক্তন কোষাধ্যক্ষ, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং চেয়ারম্যান, গ্লোবাল ব্র্যান্ড প্রাঃ লিমিটেড	চেয়ারম্যান
		জনাব মোঃ আক্তারুজ্জামান	কোষাধ্যক্ষ, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং ব্যবস্থাপনা পরিচালক, সেফ আইটি সার্ভিসেস লি:	সদস্য সচিব
১২	ফাইন্যান্স স্ট্যান্ডিং কমিটি	জনাব কামরুল ইসলাম	ব্যবস্থাপনা পরিচালক, মাসনুনস লিঃ	চেয়ারম্যান
		জনাব মোঃ আক্তারুজ্জামান	কোষাধ্যক্ষ, বাংলাদেশ কম্পিউটার সমিতি এবং ব্যবস্থাপনা পরিচালক, সেফ আইটি সার্ভিসেস লি:	সদস্য সচিব